

💵 যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ প্রকার যাদু রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

পাগল করা যাদুর কতিপয় উদাহরণ

প্রথম উদাহরণঃ

কিছু লোক এক ব্যক্তিকে জিঞ্জিরে বেঁধে আমার কাছে নিয়ে আসল সে আমাকে দেখামাত্র যারা তাকে বন্দি করে নিয়ে আসছিল তাদেরকে এমন জোরে লাথ মারল যে, তারা অনেক দূরে গিয়ে পড়ল। এরপর তাদের সবাই মিলে তাকে বশে এনে মাটিতে ফেলে দেয়। এরপর আমি কুরআন পড়ে ঝাড়তে লাগলাম এরই মধ্যে সে আমার চেহারায় থুতু দিতে লাগল। এরপর আমি কতক ক্যাসেট ৪৫ দিন পর্যন্ত শুনতে দিলাম আর ৪৫ দিন পর আমার কাছে আসতে বললাম। আর যখন তারা পুনরায় রোগীকে নিয়ে আসল তখন চেতনা ও অনুভূতি রোগীর মধ্যেছিল। আর প্রথমবার যেই বেআদবী করেছিল তাতে সে লজ্জিত ছিল, কেননা সে তখন পাগল অবস্থায় ছিল। আর এখন সেই কুরআনে কারীমের তেলাওয়াত করে তাকে কোন দূর্ঘটনা পরিলক্ষিত হয়নি। অতঃপর সে পূর্ণ সুস্থ হয়ে ফেরত চলে গেল। আর সে আমাকে জিজ্ঞাসা করল আমাকে আল্লাহ সুস্থ করে দেয়ায় কোন দান খয়রাত দিতে হবে কি না? অথবা রোযা রাখা জরুরী কিনা? আমি উত্তরে বললাম তা তোমার জন্যে ওয়াজিব নয় তবে যদি তুমি সাদকা কর তবে তা উত্তম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5928

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন